



পবিত্র কুরআন অনুসন্ধানের (সার্চ) নতুন ওয়েবসাইট উদ্বোধন করলেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান



HolyQuran.io-তে থাকছে পবিত্র কুরআনের মূল আরবী, অনুবাদ এবং ব্যাখ্যা অনুসন্ধানের জন্য উন্নত
বৈশিষ্ট্যসমূহের সমাহার

আহমদীয়া মুসলিম জামা'ত ঘোষণা করতে পেরে আনন্দিত যে, ৯ এপ্রিল ২০২১ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান, পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.) পবিত্র কুরআন অধ্যয়ন ও গবেষণায় সহায়তা করার জন্য একটি নতুন ওয়েবসাইট HolyQuran.io উদ্বোধন করেছেন।

হযুর আকদাস জুমুআর খুতবাতে এটি উদ্বোধনের ঘোষণা প্রদানের পর, ইসলামাবাদের টিলফোর্ডে অবস্থিত মুবারক মসজিদ থেকে ওয়েবসাইটটি আনুষ্ঠানিকভাবে সচল করেন।

উদ্বোধনের পরে, হযুর আকদাস আল্লাহ তা'লার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে দোয়া পরিচালনা করেন।

জুমুআর খুতবার সময় এর উদ্বোধন প্রসঙ্গে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“Al Islam ওয়েবসাইট টিম, পবিত্র কুরআন অনুসন্ধান ওয়েবসাইটের প্রথম সংস্করণটি তৈরি করেছে। HolyQuran.io ওয়েবসাইটটি Al Islam ওয়েবসাইট থেকে স্বতন্ত্রভাবেও দেখা যাবে। একটি নতুন সার্চ ইঞ্জিনের মাধ্যমে আরবি, ইংরেজি এবং উর্দুতে যে কোন সূরা, আয়াত, শব্দ অথবা বিষয়ের অনুসন্ধান করতে পারবেন। এই অনুসন্ধানের ফলাফলে, আহমদীয়া মুসলিম জামা'তের অনুবাদ এবং এর পাশাপাশি অন্যদের অনুবাদগুলোও দেখা যাবে। প্রতিটি আয়াতের জন্য আপনি ব্যাখ্যা, বিষয়বস্তু এবং সম্পর্কযুক্ত আয়াতগুলো দেখতে পারবেন। আরও সমৃদ্ধ করার কাজ চলছে এবং ইনশাআল্লাহ পরবর্তী সংস্করণটি ২০২১ সালের যুক্তরাজ্য জলসা সালানা নাগাদ প্রস্তুত হয়ে যাবে।”



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরও বলেন:

“অনুরূপভাবে, Al Islam ওয়েবসাইটে সংযুক্ত ReadQuran.app ওয়েবসাইটের একটি নতুন ও অধিকতর নান্দনিক সংস্করণ তৈরি করা হয়েছে যেখানে পবিত্র কুরআন পড়া এবং শোনার সুব্যবস্থা রয়েছে। পবিত্র কুরআনের ইংরেজি তফসীরের পাশাপাশি, এতে তফসীরে সর্গীরের নোটসমূহ, ইংরেজি শাব্দিক অনুবাদ, বিষয়সূচি এবং আরো বেশ কিছু সুযোগ-সুবিধা রয়েছে, যা পবিত্র কুরআনের নিয়মিত অধ্যয়নে সহায়ক হবে।”

নতুন ওয়েবসাইটের সাফল্যের জন্য দোয়া করে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আমরা সর্বশক্তিমান আল্লাহর কাছে দোয়া করি যে, এ প্রকল্পটি যেন পবিত্র কুরআনের সুন্দরতম শিক্ষাকে দূর-দূরান্তে ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যকে পূরণ করে এবং আহমদীয়া মুসলিম জামা'তের সদস্যরাও যেন এই সম্পদ থেকে উপকৃত হতে সক্ষম হন।”